

টেলিমেডিসিন ক্লিনিক

সামামা এর টেলিমেডিসিন প্রকল্প

সহায়কঃ প্রধানমন্ত্রীর দপ্তরের একসেস টু ইনফরমেশন (a2i) প্রোগ্রাম।

বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর অনুমোদিত এবং কারিগরি সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের
বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগ।

টেলিমেডিসিন ক্লিনিকের অপারেটরের জন্য

রোগীকে সেবা দেয়ার ম্যানুয়াল-১

১। প্রাথমিক অভ্যর্থনাঃ

রোগীকে সুন্দর ভাবে আগ্রহ সহকারে অভ্যর্থনা জানিয়ে বসান। যদি আমাদের টেলিমেডিসিন নেটওয়ার্কে ঐ সময়ে মহিলা ডাক্তার উপস্থিত থাকেন, তবে মহিলা রোগী হলে জেনে নিন তিনি মহিলা ডাক্তার দেখাবেন কিনা। নতুন রোগী হলে ব্যাখ্যা করুন কিভাবে তিনি শহরের বড় ডাক্তারের পরামর্শ পেতে যাচ্ছেন, এবং এর মাধ্যমে লাভবান হবেন। যদি রোগী বেশী থাকে তবে লাইন ধরে বসান অথবা টোকেন দিয়ে সিরিয়াল রক্ষা করুন। সিরিয়াল ভাঙবেন না। এতে রোগী খুশী হবে এবং আপনার ক্লিনিকের উপর তার আস্থা বাড়বে। তবে এমার্জেন্সী রোগী হলে অন্য রোগীদেরকে অনুরোধ করে তাদের কাছ থেকে অনুমতি নিয়ে এ রোগীর জন্য সিরিয়াল ভাঙতে পারেন। বসার স্থানে পর্যাপ্ত আলো বাতাস যেন থাকে। মোট কথা রোগী যেন আপনার ক্লিনিকে এসে অস্বস্তি অনুভব না করে সে দিকে সজাগ দৃষ্টি রাখুন।

২। রোগীর নিবন্ধনঃ

টেলিমেডিসিন সিস্টেমে রোগীর নিবন্ধন বিষয়ে অপর ম্যানুয়ালে বলা আছে। নতুন রোগী হলে সে ভাবে রোগীর নিবন্ধন করে নিন। রোগীর নাম, বয়স, লিঙ্গ, ঠিকানা, পিতা মাতার নাম, ইত্যাদি তথ্য একবার লিখলেই ভবিষ্যতের জন্য সংরক্ষিত হয়ে থাকবে।

পুরোনো রোগী হলে তার নিবন্ধন নম্বর বা নাম থেকে আগে সংরক্ষিত তথ্য বের করে মিলিয়ে নিন, ঠিক আছে কিনা।

[নীচে যেসব পরিমাপের কথা বলা আছে তা সম্পর্কে আগে জেনে নিন ও ট্রেনিং নিয়ে নিন। অপর একটি ম্যানুয়ালে এ সম্পর্কে বিস্তারিত দেয়া আছে।]

৩। প্রাথমিক ক্লিনিকাল তথ্য সংগ্রহঃ

প্রতিটি রোগীর ক্ষেত্রেই যে সব পরিমাপ করে তথ্য কম্পিউটারে সংরক্ষণ করে ডাক্তারের কাছে পাঠাবেন তা হলঃ

ক) উচ্চতা (সেমিঃ বা ইঞ্চি তে, উল্লেখ করুন)

- খ) ওজন (কেজি বা পাউন্ডে, উল্লেখ করুন)
- গ) শরীরের Temperature বা তাপমাত্রা (সেলসিয়াস বা ফারেনহাইটে, উল্লেখ করুন)
- ঘ) হৃদযন্ত্রের পালস রেট (মিনিটে কতবার)
- ঙ) রক্ত চাপ (Blood pressure) (সিস্টোল/ডায়াস্টোল, প্রচলিত ইউনিটে)

৩। বিশেষায়িত ক্লিনিকাল তথ্য সংগ্রহঃ

ডাক্তার যদি চান তবে নিম্নলিখিত পরিমাপগুলো করে পাঠাবেন।

- ক) রক্তের গ্লুকোজ
- খ) ইসিজি (১২ লিড) (সরাসরি পাঠাতে পারেন বা আগে রেকর্ড করে কেবলমাত্র ইসিজি ট্রেসিং পাঠাতে পারেন)
- গ) শ্বাস-প্রশ্বাসের হার (প্রতি মিনিটে)
- ঘ) স্টেথোস্কোপের শব্দ (ডাক্তারের নির্দেশ অনুযায়ী, তাকে সরাসরি শোনাতে হবে)

৪) ছবির মাধ্যমে ক্লিনিকাল তথ্য সংগ্রহঃ

আমাদের কাছ থেকে নেয়া ডিজিটাল ইমেজিং যন্ত্র দিয়ে ডাক্তার যেভাবে চান সেভাবে ছবি তুলে পাঠাবেন। [দ্রষ্টব্য: ল্যাপটপ কম্পিউটারের ক্যামেরায় ছবি তত নিখুত হয় না, তাই আমাদের দেয়া বিশেষ ক্যামেরা ব্যবহার করতে অনুরোধ করা হচ্ছে, এটি সরাসরি কম্পিউটারে যুক্ত হয়। তবে আপনারা যে কোন ভাল ডিজিটাল ক্যামেরায় অথবা স্মার্টফোন দিয়ে ছবি তুলে সেটিও পাঠাতে পারেন। ছবি তোলা সময় আলোর বিষয়ে যত্নবান হবেন। ছবি তোলা বিষয়ে রোগী যেন কোনভাবে বিরত না বোধ করেন সেদিকে সচেষ্টি থাকবেন।]

- ক) শরীরের নির্দিষ্ট স্থানের ছবি (ডাক্তারের চাহিদামত)
- খ) এক্স-রে ফিল্মের ছবি (এর জন্য একটি এক্স-রে ভিউ-বক্স লাগবে)
- গ) মাইক্রোস্কোপ স্লাইডের ছবি (যদি আপনার কাছে আমাদের দেয়া ডিজিটাল মাইক্রোস্কোপ থাকে এবং এ জন্য উপযুক্ত টেকনিশিয়ান থাকে)
- ঘ) হাতে লিখা আগের কোন প্রেসক্রিপশনের ছবি।



সামামা, (সাধারণ মানুষের মাঝে), গোয়ালচামট, ফরিদপুর.

৯/১৩ এ, ১ নং সড়ক, গোয়ালচামট- ফরিদপুর।

টেলিফোনঃ ০৬৩১-৬৫৫৩৩, মোবাইল: ০১৭১৪৯৮৫৪২৫, ০১৯১৭৯৮৫৪২৫

ইমেইলঃ sayeedbd78@gmail.com, info.tm@e-samama.com

Please visit website: www.e-samama.com

Facebook: www.fb.com/samama.bd